

সরকারি হলো আরও চার মাধ্যমিক বিদ্যালয়

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

। ঢাকা, সোমবার, ১৮ ফেব্রুয়ারী ২০১৯

জাতীয়করণ হলো আরও চারটি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়। গতকাল ওই চার বিদ্যালয়কে সরকারি করে আদেশ জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

সরকারি হওয়া চার শিক্ষা প্রতিষ্ঠান হলো সিলেটের দক্ষিণ সুরম্মার রেবতী রমন দ্বিপাক্ষিক উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুরের রায়পুর মার্চেন্টস একাডেমি, চুয়াডাঙ্গার জীবননগর থানা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও দিনাজপুরের ঘোড়াঘাটের রাণীগঞ্জ দ্বিতীয় দ্বিমুখী উচ্চ বিদ্যালয় অ্যান্ড কলেজ।

শিক্ষা মন্ত্রণালয়ের আদেশে বলা হয়েছে, সরকারি হওয়া এসব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা অন্যত্র বদলি হতে পারবেন না।

এর আগে গত ৪ ফেব্রুয়ারি একটি, ২৫ নভেম্বর তিনটি, ১৮ নভেম্বর চারটি, ১৫ নভেম্বর ১৬টি, ১২ নভেম্বর চারটি, ২৯ অক্টোবর চারটি, ১১ অক্টোবর ১৯টি, ৯ অক্টোবর ১৩টি, ২৮ সেপ্টেম্বর ২৫টি, ২৪ সেপ্টেম্বর ৪৩টি, ১৩ সেপ্টেম্বর ৪৪টি ও ১৬ সেপ্টেম্বর একটি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় সরকারি করা হয়।

২০১৬ সালের ২১ জুনয়ার প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষণা দিয়েছিলেন, যেসব জেলা ও উপজেলায় সরকারি হাইস্কুল ও কলেজ নেই, সেসব জেলা ও উপজেলায় একটি করে হাইস্কুল ও একটি করে কলেজ সরকারি করা হবে। সেই আলোকেই গতকাল আরও চারটি মাধ্যমিক বিদ্যালয় সরকারি করা হলো। সবমিলিয়ে সাম্প্রতিক সময়ে ১৮১টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় সরকারি করা হলো।